

সংবাদ বিজ্ঞপ্তি


ওরিয়ন ৩৩তম বাংলাদেশ এ্যামেচার গলফ চ্যাম্পিয়নশীপ ২০১৮

ঢাকা : ০৩ জানুয়ারি ২০১৮

আজ ওরিয়ন ৩৩তম বাংলাদেশ এ্যামেচার গলফ চ্যাম্পিয়নশীপ ২০১৮ এর ১ম রাউন্ডের খেলা অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত বিভাগে বাংলাদেশ সেনাবাহিনীর সৈনিক মোঃ আতিকুল ইসলাম পারের চেয়ে ০২ স্ট্রোক কম (৭০ স্কোর) খেলে শীর্ষ স্থানে রয়েছে। বাংলাদেশের মোঃ আকবর হোসেন পারের চেয়ে ০১ স্ট্রোক কম (৭১ স্কোর) খেলে ২য় অবস্থানে রয়েছে। বাংলাদেশের শফিক বাঘা ও হংকং এর শিং ফাং এনজি পারের সমান (৭২ স্কোর) খেলে যৌথভাবে ৩য় স্থানে রয়েছে।

দলগত বিভাগে শফিক বাঘা এবং মোঃ সুমন এর সমন্বয়ে গঠিত বাংলাদেশ সি দল পারের চেয়ে ০২ স্ট্রোক বেশী (স্কোর ১৪৬) খেলে ১ম স্থানে রয়েছে। মোঃ সশ্রাট শিকদার এবং সৈনিক শাহাবুদ্দিন এর সমন্বয়ে গঠিত বাংলাদেশ বি দল (স্কোর ১৪৮) এবং শুক্রা বাহাদুর রাই (Sukra Bahadur Rai) ও তংকা বাহাদুর কার্কি (Tanka Bahadur Karki) সমন্বয়ে গঠিত নেপাল দল (স্কোর ১৪৮) যৌথভাবে ২য় স্থানে রয়েছে। ১ম ও ২য় রাউন্ডের সমষ্টিগত ফলাফলের উপর ভিত্তি করে দলগত ফলাফল নির্ধারণ করা হবে। অপর দিকে ব্যক্তিগত বিভাগের চার রাউন্ডের সমষ্টিগত গ্রেস স্কোরের ভিত্তিতে ফলাফল নির্ধারণ করা হবে।

এখানে উল্লেখ্য, আন্তর্জাতিক এই প্রতিযোগিতায় বাংলাদেশ ছাড়াও আফগানিস্তান, ভূটান, হংকং, নেপাল ও শ্রীলংকা জাতীয় গলফ দল অংশগ্রহণ করছে। আগামী ০৬ জানুয়ারি ২০১৮ তারিখ চার রাউন্ডের এ টুর্নামেন্ট শেষ হবে।


লেঃ কর্নেল মোঃ আবদুল বারি (অবঃ)
কোঅর্ডিনেটর
বাংলাদেশ গলফ ফেডারেশন

PRESS RELEASE

Orion 33rd Bangladesh Amateur Golf Championship 2018


Dhaka : 03 January 2018

1st Round play of the **Orion 33rd Bangladesh Amateur Golf Championship 2018** held today at Kurmitola Golf Club, Dhaka. In the individual category Sainik Md Atiqul Islam of Bangladesh Army leading the table with 02 under par (score 70). Bangladeshi golfer Md Akbar Hossain holding the 2nd position with 01 under par (71 score). Shafique Bagha of Bangladesh and Shing Fung NG of Hong Kong are jointly holding the 3rd position with level par (score 72).

In the team category, Bangladesh C Team consisting of Shafique Bagha and Md Sumon holding 1st position with 02 over (Score 146). Bangladesh B Team consisting of Shomrat Sikder and Sainik Shahabuddin (Score 148) and Nepal Team consisting of Sukra Bahadur Rai and Tanka Bahadur Karki (Score 148) jointly holding 2nd position.

The Team Championship result will be determined over 02 rounds gross score of two players of the team. Whereas, in the individual category, four rounds total gross score will determine the winner.

It may be mentioned here that, beside Bangladesh, national teams from Afghanistan, Bhutan, Hong Kong, Nepal and Sri Lanka are also taking part in this premier amateur golf tournament of the country.


Lt Col Md Abdul Bari (Retd)
Coordinator
Bangladesh Golf Federation